



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2024

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক সিটির "সিটি অফ ইয়েস" হাউজিং প্ল্যান এগিয়ে নিয়ে যাওয়ার চুক্তি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

“নিউ ইয়র্কে সাশ্রয়ী মূল্যের আবাসন পাওয়ার একটা সংকট রয়েছে এবং এর থেকে বের হওয়ার একটাই মাত্র পথ হল: আরও আবাসন তৈরি করা। এই কারণেই এবছর প্রথমদিকে, আমি সংস্কার এবং বিনিয়োগে একটা গুরুত্বপূর্ণ প্যাকেজের জন্য যার পর নাই লড়াই করেছিলাম, যেটা সাধারণ নিউ ইয়র্কবাসীদের জন্য কয়েক হাজার নতুন বাড়ি তৈরি করবে। নিউ ইয়র্ক সিটিতে আমাদের সহকর্মীদের মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব থাকার কারণে আমরা আংশিকভাবে সেটা করতে পেরেছিলাম এবং প্রতিটি পাড়ায় আরও অল্প কয়েকটি আবাসন তৈরি করার লক্ষ্যে তারা যখন তাদের পরিকল্পনা এগিয়ে নিয়ে যাচ্ছিল, সেই সময় তাদের সাথে থাকতে পেরে আমি গর্বিত। এখন আমরা স্টেটের প্রতিশ্রুতিতে 1 বিলিয়ন মার্কিন ডলার যুক্ত করছি যাতে নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী মূল্যের হাউজিংয়ে সহযোগিতা করা যায়। নিউ ইয়র্কে আরও আবাসন বানানো এবং এখানে আমাদের সকলের জন্য আরও সাশ্রয়ী করে তোলার জন্য মঞ্চ তৈরি করতে আমাদের সকলের সাহায্য প্রয়োজন।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)